

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬১

বিশ্রামগঞ্জ, ১৯ জুন, ২০২৪

২১ জুন সিপাহীজলা জেলাভিত্তিক আন্তর্জাতিক যোগা দিবস

সিপাহীজলা জেলাভিত্তিক আন্তর্জাতিক যোগা দিবস-২০২৪ আগামী ২১ জুন চড়িলামস্থিত ভারতরত্ন অটলবিহারী বাজপেয়ী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। জেলাভিত্তিক এই অনুষ্ঠানে জেলার বিভিন্ন প্রান্তের ৪০০ জন যোগা প্রদর্শনীতে অংশগ্রহণ নেবেন। আজ সিপাহীজলা জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে জেলাশাসক ও সমাহর্তা নাগেশ কুমার বি'র সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা সুব্রত মজুমদার, বিশালগড় মহকুমার মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উপঅধিকর্তা সমীর দেববর্মা এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।
